

একই তারিখ ও সারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০১.১৮-২১২

তারিখ: ৩০ কার্তিক ১৪২৫
১৪ নভেম্বর ২০১৮

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে অতিরিক্ত গৃহীত অর্থ ফেরৎ প্রদান।

সূত্র: ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০১.১৮-২১১; তারিখ- ৩০/১০/২০১৮খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ/আপত্তির বিষয়ে “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটির” ৩য় সভার নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১ (ক) জনাব এ.কে.এম. তফিকুল ইসলাম আগামী ০১ (এক) মাসের মধ্যে অতিরিক্ত গৃহীত টাকা সরকারি কোষাগারে ফেরৎ প্রদান করবেন।

১ (খ) নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত অতিরিক্ত অর্থ ফেরৎ প্রদান করা না হলে সরকারি বকেয়া পাওনা আইন, ১৯১৩ (PDR Act) অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে মামলা দায়ের করতে হবে।

০২। এমতাবস্থায়, আগামী এক মাসের মধ্যে অতিরিক্ত গৃহীত ৩৬০৪০০/- (তিন লক্ষ ষাট হাজার চারশত টাকা) সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। অন্যথায় তাঁর বিরুদ্ধে সরকারি বকেয়া পাওনা আইন, ১৯১৩ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব এ.কে.এম. তফিকুল ইসলাম
অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ
জামালপুর সদর, জামালপুর



(মো. রাহেদ হোসেন)
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন - ৯৫৪৬১০৭

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৪) উপসচিব, কলেজ-১ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৫) উপসচিব, (বেসরকারি মাধ্যমিক -১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল
- ৮) জেলা শিক্ষা অফিসার, জামালপুর
- ৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর
- ১০) সভাপতি, গভণিং বডি, শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ, জামালপুর সদর, জামালপুর
- ১১) যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ১২) অফিস কপি।